# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬১৫

১/ বিবিধ

আরবী

التائب من الذنب كمن لا ذنب له، وإذا أحب الله عبدا لم يضره ذنب

ضعيف

رواه القشيري في " الرسالة " (ص 59 طبع بولاق) ومن طريقه ابن النجار (10 / 161 / 2) : أخبرنا أبو بكر محمد بن الحسين بن فورك قال: أخبرنا أحمد بن محمود بن (خرزاد) قال: حدثنا محمد بن فضيل بن جابر قال: حدثنا سعيد بن عبد الله قال: حدثنا أحمد بن زكريا قال: حدثني أبي قال: سمعت أنس بن مالك يقول: فذكره مرفوعا. قلت: وهذا إسناد مظلم، من دون أنس لم أجد لأحد منهم ذكرا في شيء من كتب التراجم، اللهم إلا ابن (خرزاد) هذا فهو من شيوخ الدارقطني، وقد ساق له حديثا بسند له إلى مالك عن الزهري عن أنس

ثم قال الدارقطني: " هذا باطل بهذا الإسناد، ومن دون مالك ضعفاء ". وقال في موضع آخر: " مجهول " كما في " اللسان ". فالظاهر أنه هو آفة هذا الحديث. والله أعلم

والحديث أورده في " الجامع الصغير " من رواية القشيري وابن النجار، ولم يتكلم عليه المناوي بشيء

والنصف الأول من الحديث له شواهد من حديث عبد الله بن مسعود وأبي سعيد الأنصاري. أما حديث ابن مسعود، فأخرجه ابن ماجه (4250) وأبو عروبة الحراني في " حديثه " (ق 100 / 2) والطبراني في " المعجم الكبير " (3 / 71 / 1) وعنه أبو

نعيم في " الحلية " (4 / 210) والقضاعي في " مسند الشهاب " (1 / 2 / 1) والسهمي في " تاريخ جرجان " (358) من طريق عبد الكريم الجزري عن أبي عبيدة عنه.
ورجال إسناده ثقات، لكنه منقطع بين أبي عبيدة ـ وهو ابن عبد الله بن مسعود ـ وأبيه
وأما حديث أبي سعيد الأنصاري، فأخرجه ابن منده في " المعرفة " (2 / 245 / 1) وأبو نعيم في " الحلية " (10 / 398) من طريق يحيى بن أبي خالد عن ابن أبي سعيد الأنصاري عن أبيه مرفوعا به
وزاد في أوله: " الندم توبة ". وهذه الزيادة لها طريق أخرى صحيحة عن ابن مسعود، وهي مخرجة في " الروض النضير " رقم (642) . وانظر رقم (1150) فإنه فيه من حديث أبي هريرة
وأما هذا الإسناد فهو ضعيف كما قال السخاوي في " المقاصد " (313) ، وعلته يحيى بن أبي خالد، قال ابن أبي حاتم (4 / 2 / 140) : " مجهول ". وكذا قال الذهبي
ونقل الحافظ في " اللسان " عن أبي حاتم أنه قال: " وهذا حديث ضعيف، رواه مجهول عن مجهول ". يعني يحيى هذا، وابن أبي سعيد
(تنبيه) : هكذا وقع في " الحلية " (أبي سعيد) ، وكذا وقع في " المقاصد " و" الجامع الصغير " وغيرهما. ووقع في " المعرفة " (أبي سعد) وفي ترجمته أورد ابن أبي حاتم (4 / 2 / 378) هذا الحديث، فيبدو أنه الصواب
وجملة القول: أن الحديث المذكور أعلاه ضعيف بهذا التمام. وطرفه الأول منه حسن بمجموع طرقه، وقد قال السخاوي: " حسنه شيخنا ـ يعني ابن حجر ـ لشواهده ".
والله أعلم. وله شاهد آخر من حديث ابن عباس بزيادة أخرى، وهو (الاتي)

বাংলা

৬১৫। গুনাহ হতে তাওবাকারী সেই ব্যক্তির ন্যায় যার কোন গুনাই নেই। আর আল্লাহ তা’আলা যে বান্দাকে ভালবাসেন গুনাহ তার ক্ষতি করতে পারে না।

হাদীছটি দুর্বল।

এটি আল-কুশায়রী "আর-রিসালাহ" (পৃঃ ৫৯) গ্রন্থে বর্ণনা করেছেন। আর তার সূত্রে ইবনুন নাজ্জার (১০/১৬১/২) আনাস ইবনু মালেক (রাঃ) হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি অন্ধকারাচ্ছন্ন। একমাত্র দারাকুতনীর শাইখ আহমাদ ইবনু মাহমূদ ইবনে খারযায ছাড়া আনাস (রাঃ)-এর নীচের বর্ণনাকারীদের কারো জীবনী কোন গ্রন্থে পাচ্ছি না। দারাকুতনী তার একটি হাদীছ মালেক হতে তিনি যুহরী হতে আর তিনি আনাস (রাঃ) হতে বর্ণনা করে বলেছেনঃ এ সনদের এ হাদীছটি বাতিল। ইমাম মালেকের নীচের বর্ণনাকারীগণ দুর্বল। তিনি অন্যত্র বলেনঃ তিনি মাজহুল যেমনটি "আল-লিসান" গ্রন্থে এসেছে। বাহ্যিকতা প্রমাণ করছে যে, তিনিই হচ্ছেন এ হাদীছটির সমস্যা।

হাদীছটি “আল-জামেউস সাগীর” গ্রন্থে সুয়ূতী কুশায়রী এবং ইবনুন নাজ্জারের বর্ণনা হতে উল্লেখ করেছেন। মানবী হাদীছটির ব্যাপারে কোন কথা বলেননি! তবে হাদীছটির প্রথম অংশের আব্দুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) এবং আবু সাঈদ আল-আনসারী (রাঃ)-এর হাদীছ হতে শাহেদ রয়েছে। এটি ইবনু মাজাহ, তাবারানী, আবু নোয়াইম সহ আরো অনেকে বর্ণনা করেছেন। মোটকথা পূরো হাদীছটি দুর্বল।

তবে হাদীছটির প্রথম অংশটি বিভিন্ন সূত্রগুলো একত্রিত হওয়ার কারণে হাসান হাদীছের অন্তর্ভুক্ত। সাখাবী বলেনঃ আমাদের শাইখ ইবনু হাজার বিভিন্ন শাহেদ থাকার কারণে প্রথম অংশটিকে হাসান আখ্যা দিয়েছেন। ইবনু আব্বাস (রাঃ)-এর হাদীছ হতে অন্যরূপ বর্ধিত অংশসহ তার অন্য একটি শাহেদ এসেছে। সেটি হচ্ছে নিম্নেরটি (দেখুন পরের হাদিস)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71494

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন